



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.২৯৫

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৯

১৬ নভেম্বর ২০২২

বিষয়: “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে আমন’ ২০২২-২৩ মৌসুমে ধান সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমন’২০২২-২৩ মৌসুমে দেশব্যাপী ২৭২টি নির্বাচিত উপজেলায় “কৃষকের অ্যাপ” পাইলট আকারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়েছে। কৃষকের অ্যাপের মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদনের শেষ তারিখ ৩০ নভেম্বর, ২০২২ খ্রি:।

“কৃষকের অ্যাপ” এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও ধান বিক্রয়ের আবেদন ও নিবন্ধনের সময়সীমা সম্পর্কে কৃষকদের অবহিত করার জন্য স্থানীয় পর্যায়ে বহুল প্রচারণা চালানো প্রয়োজন। এক্ষণে, মাঠ-পর্যায়ে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১. নির্বাচিত উপজেলাসমূহে (তালিকা সংযুক্ত) “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে;
২. প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট সকল ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ খাদ্য অধিদপ্তরের মাঠপর্যায়ের সংশ্লিষ্ট মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে জুমের মাধ্যমে ভারুয়াল কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
৩. খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dgfood.gov.bd নীচের অংশে সংযোজিত "ফটো এবং ভিডিও বক্স" হতে "গাইড লাইন - কৃষকের অ্যাপ" হতে ভিডিও টিউটোরিয়াল ডাউনলোড করে অ্যাপ ব্যবহার সম্পর্কে ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;
৪. ওয়েবসাইটের উল্লিখিত বক্স হতে কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য প্রস্তুতকৃত লিফলেট (সংযুক্ত: লিফলেট) ও তৈরিকৃত অডিও ডাউনলোড করে মাইকিংয়ের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার সকল ইউনিয়নে প্রচার করতে হবে;
৫. ওয়েবসাইটের উল্লিখিত বক্স হতে প্রস্তুতকৃত পোস্টার (লিফলেট) উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সংযোগ স্থান, বাজার, মসজিদের প্রধান ফটকের বিপরীতে এবং দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্টেটে দিতে হবে;
৬. প্রস্তুতকৃত লিফলেট জনসমাগম স্থানে যেমন মসজিদ/মন্দির, স্থানীয় বাজারের দিন, চায়ের দোকানে বিতরণ করতে হবে;
৭. প্রস্তুতকৃত লিফলেট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার ও স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের কাছে পৌঁছে দিতে হবে;
৮. উপ-সহকারী কৃষি কর্মকর্তার উঠান বৈঠকে উপস্থিত হয়ে প্রস্তুতকৃত লিফলেট বিতরণ করতে হবে;
৯. কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য তৈরিকৃত অডিও মাইকিংয়ের মাধ্যমে জনসমাগম স্থানে প্রচার করা করতে হবে;
১০. প্রস্তুতকৃত লিফলেট জেলা/উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১১. সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্টার/লিফলেট প্রকাশ করে প্রচার করতে হবে;
১২. স্থানীয় প্রশাসনের মাধ্যমে সভা করে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার, মহিলা মেম্বার, ইউডিসি উদ্যোক্তাদের অবহিত করতে হবে;
১৩. ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তার মাধ্যমে কৃষক নিবন্ধন উৎসাহিত করতে হবে।

সংযুক্ত:

- ১। লিফলেট/পোস্টার।
- ২। ২৭২টি উপজেলার তালিকা।



১৬-১১-২০২২

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: sys@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.২৯৫/১(৬)

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৯

১৬ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর



১৬-১১-২০২২

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর
১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।




<http://food.chittagongdiv.gov.bd>
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫১.০০৭.২১.৪২০৫

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৯

১৬ নভেম্বর ২০২২

উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সংযুক্ত ৯ (নয়) পাতা।



১৬-১১-২০২২

দোলন দেব

সহকারী উপ-পরিচালক

জেলা খাদ্য নিয়ন্ত্রক,

চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবন/কক্সবাজার/চাঁদপুর/লক্ষ্মীপুর/ফেনী/নোয়াখালী।


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.২১০.৫১.০০৭.২১.৪২০৫/১

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৯
১৬ নভেম্বর ২০২২

সদয় অবগতি/অবগতির জন্য।

১) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



১৬-১১-২০২২

দোলন দেব

সহকারী উপ-পরিচালক